দৈনিক আমাদের সময়

তারিখ 4 FEB ...7
পৃষ্ঠা ৩ কলাম ৬

চাঁদপুর-জামালপুরে 'মানবসেতু'

# তদন্ত প্রতিবেদন পেলেই ব্যবস্থা: শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ● চাঁদপুর ও জামালপুরে স্কুলের শিক্ষার্থীদের বানানো মানবসেতুর ওপর দিয়ে জনপ্রতিনিধিদের হাঁটার ঘটনায় গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন পেলেই ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) ভবনের সম্মেলন কক্ষে গতকাল শুক্রবার সকালে এক সাংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এ তথ্য জানান।

মন্ত্রী বলেন, চাঁদপুর ও জামালপুরে শিক্ষার্থীদের শরীরের ওপর দিয়ে সেতু বানিয়ে পার হওয়ার ঘটনায় উচ্চ পর্যায়ের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত কমিটির প্রতিবেদন অনুযায়ী তাদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া হবে।

শিক্ষার্থীদের ঘাড়ে উঠে প্রতীকি পদ্মা সেতু পাড়ি দেওয়ার ঘটনায় গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ সাইটগুলোয় তোলপাড়ে টনক নড়ে সরকারের। চাঁদপুরের ঘটনার রেশ না কাটতে এমন ঘটনার পুনরাবৃত্তি ঘটে জামালপুরের শিক্ষা প্রতিষ্ঠানে। ছোট ছোট শিক্ষার্থীদের দিয়ে পদ্মা সেতু বানিয়ে তাদের ঘাড়ে চড়েন এক জনপ্রতিনিধি ও স্কুলের এক জমিদাতা। তাদের ওইসব ছবি ও ভিডিও ভাইরাল হয় সামাজিক যোগাযোগ সাইটগুলোয়। চাঁদপুর ও জামালপুরের ঘটনায় এরপর পৃষ্ঠা ৯ কলাম ১

# তদন্ত প্রতিবেদন পেলেই ব্যবস্থা

(৩ এর পৃষ্ঠার পর) উচ্চ পর্যায়ের তদন্তে বৃহস্পতিবার কমিটি গঠন করে শিক্ষা মন্ত্রণালয়।
তদন্ত কমিটিকে তিন কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দিতে নির্দেশ দেওয়া হয়েছে। এদিকে
চাঁদপুরের ঘটনায় এক অভিভাবক মামলা করেছেন এবং স্থানীয় সরকার বিভাগও পৃথক
তদন্ত কমিটি গঠন করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জানিয়েছেন, বিভিন্ন
সংবাদমাধ্যমে প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের নির্দেশে
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়) মো. আব্দুল্লাহ আল
হাসান চৌধুরীকে ওইসব ঘটনার তদন্তের দায়িত্ব দেওয়া হয়েছে। তাকে তিন কর্মদিবসের
মধ্যে তদন্ত করে প্রতিবেদন দিতে একটি অফিস আদেশ জারি করা হয়েছে মন্ত্রণালয়ে।
তিনি প্রয়োজনে তদন্ত কার্য সম্পাদন করতে আরও সদস্য বাড়াতে পারবেন। এ কমিটি
চাঁদপুর ও জামালপুর ছাড়া অন্য কোথাও এ ধরনের ঘটনা ঘটছে কিনা তাও খতিয়ে
দেখবে।

স্থানীয় সরকার বিভাগের যুগ্ম সচিব অমিতাভ সরকার জানিয়েছেন, চট্টগ্রামের
বিভাগীয় কমিশনারকে বিষয়টি তদন্ত করে তিন কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা
হয়েছে। তদন্ত কমিটির প্রতিবেদন পাওয়ার পর উপজেলা চেয়ারম্যানের বিরুদ্ধে ব্যবস্থা
নেওয়া হবে। গত সোমবার চাঁদপুরের হাইমচর উপজেলার নীলকমল ওছমানিয়া উচ্চ
বিদ্যালয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার অনুষ্ঠানে উপজেলা চেয়ারম্যান ও স্থানীয়
আওয়ামী লীগ নেতা নূর হোসেন পাটওয়ারী প্রতীকি পদ্মা সেতু তথা শিক্ষার্থীদের ঘাড়ে
চড়ে উপর দিয়ে হেঁটে যান। এ ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। ফেসবুকে
অনেকেই ওই চেয়ারম্যানকে বরখাস্ত করে কারাগারে পাঠানোর দাবি জানান। স্কুল
কর্তৃপক্ষের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়ার দাবি জানান কেউ কেউ। এ ঘটনার রেশ না
কাটতেই জামালপুরের মেলান্দহ উপজেলার মাহমুদপুর বহুমুখী উচ্চবিদ্যালয়ের
কোমলমতি শিশু ছাত্রদের কাঁধে চড়ে হাঁটেন ওই স্কুলের জমিদাতা ও স্থানীয় আওয়ামী
লীগ নেতা দিলদার হোসেন ওরফে প্রিন্স।